দৈনিক বাংলা

তারিখ ... 31 JAN 1993
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

159

# পটুয়াখালীতে প্রাইমারী শিক্ষকের শতাধিক পদশূন্য ঃ শিক্ষা ব্যাহত

নিজস্ব সংবাদদাতা ঃ পটুয়াখালী, ৩০ জানুয়ারী।—পটুয়াখালী জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের ৪৩টি পদসহ ১শ ১১টি শিক্ষক পদ শূন্য রয়েছে। ফলে সংশ্লিষ্ট বিদ্যালয়ে শিক্ষাদান কার্যক্রম দারুণ ব্যাহত হচ্ছে।

জেলার ৬টি থানায় ৫শ ৭৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এতে শিক্ষকপদ রয়েছে ২ হাজার ৫শ ৯৩টি। বর্তমানে শিক্ষক কর্মরত আছেন ২ হাজার ৪ শ ৯২ জন। দীর্ঘদিন ধরে ১শ ১১ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর মধ্যে প্রধান শিক্ষকের ৪৩টি পদ এবং সহকারী শিক্ষকের ৬৮টি পদ শূন্য।

জানা গেছে, পটুয়াখালী সদর থানায় প্রধান শিক্ষকের ১০টি পদ ও সহকারী শিক্ষকের ১টি পদ, বাউফল থানায় প্রধান শিক্ষকের ১০টি পদ ও সহকারী শিক্ষকের ৭টি পদ, গলাচিপা থানায় প্রধান শিক্ষকের ৮টি পদ ও সহকারী শিক্ষকের ২১টি পদ, কলাপাড়া থানায় প্রধান শিক্ষকের ৪টি পদ ও সহকারী শিক্ষকের ১৯টি পদ, মির্জাগঞ্জ থানায় প্রধান শিক্ষকের ৫টি পদ ও সহকারী শিক্ষকের ১১টি পদ এবং দশমিনা থানায় প্রধান শিক্ষকের ৬টি পদ ও সহকারী শিক্ষকের ৯টি পদ শূন্য রয়েছে।

বিভিন্ন বিদ্যালয়ে এসব শিক্ষক পদ খালি রয়েছে অনেকদিন ধরে। এমন অনেক বিদ্যালয় রয়েছে যেখানে ৫টি শ্রেণীতে ৩/৪ জন শিক্ষক রয়েছেন। সহকারী শিক্ষকদের মধ্য থেকে প্রধান শিক্ষকের পদ পূরণ করায় শিক্ষক শূন্য পদের সংখ্যা অপরিবর্তিত থেকে যাচ্ছে। সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে দীর্ঘদিন ধরে শিক্ষক পদ শূন্য থাকায় ছাত্রছাত্রীদের পড়াশুনা দারুণ বিঘ্নিত হচ্ছে।